



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর  
শিল্প মন্ত্রণালয়  
৯১ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
www.dpdt.gov.bd



নম্বর: ৩৬.০৮.০০০০.২২০.২২.০০১.২২.৩

তারিখ: ১৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
০২ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

বিষয়: পেটেন্ট আবেদন পরীক্ষার ক্ষেত্রে অনুরোধপত্র দাখিলের বাধ্যবাধকতা।

এতদ্বারা সকল পেটেন্ট আবেদনকারী এবং তাঁদের প্রতিনিধিদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যমান পেটেন্ট আইন মোতাবেক পেটেন্ট আবেদন দাখিলের তারিখ হতে ৩৬ মাসের মধ্যে পেটেন্ট পরীক্ষার জন্য অধিদপ্তরের মহাপরিচালক বরাবর অনুরোধপত্র প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। সে প্রেক্ষিতে সকল পেটেন্ট আবেদনকারী বা তাঁর প্রতিনিধিকে পেটেন্ট পরীক্ষার অনুরোধপত্র দাখিলের জন্য জানানো হলো। যদি কোনো পেটেন্ট আবেদনের জন্য এরূপ অনুরোধপত্র দাখিল করা না হয়, তাহলে উক্ত পেটেন্ট আবেদন পরীক্ষা করা হবে না এবং ৩৬ মাস অতিক্রান্ত হলে উক্ত পেটেন্ট আবেদন পরিত্যক্ত মর্মে বিবেচিত হবে।

পেটেন্ট আবেদন পরীক্ষার জন্য অনুরোধপত্র দাখিলের ক্ষেত্রে, ফি সিডিউল নির্ধারিত না হওয়া পর্যন্ত সাময়িকভাবে কার্যক্রম চলমান রাখার স্বার্থে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে। পরবর্তীতে “ফি সিডিউল চূড়ান্ত হলে নির্ধারিত ফি পরিশোধে বাধ্য থাকবে” মর্মে অঙ্গীকারনামায় উল্লেখ থাকতে হবে। এছাড়া পেটেন্ট আবেদন দাখিলের পর অগ্রিম প্রকাশনার ক্ষেত্রেও অনুরূপ অঙ্গীকারনামা প্রযোজ্য হবে। তবে যে সকল পেটেন্টের পরীক্ষা প্রতিবেদন ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে সে সকল পেটেন্ট আবেদনের ক্ষেত্রে এরূপ শর্ত প্রযোজ্য হবে না।

০২-০১-২০২৪

মোঃ মুনিম হাসান  
মহাপরিচালক

২২৩৩৮০৬৯৬ (ফোন)

০২৯৫৫৬৫৫৬ (ফ্যাক্স)

dg@dpdt.gov.bd

বিতরণঃ জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), ডিপিডিটি;
- ২। সিস্টেম এনালিস্ট, ডিপিডিটি (ওয়েবসাইটে আপলোডের জন্য);
- ৩। উপ-পরিচালক (সকল), ডিপিডিটি এবং
- ৪। সভাপতি, বাংলাদেশ আইপি এটর্নিজ এসোসিয়েশন, মতিঝিল, ঢাকা।

